

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী  
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)  
[www.feni.gov.bd](http://www.feni.gov.bd)

স্মারক নং-০৫.২০.৩০০০.০৩১.১৮.০১১.২২-৯৮৯


তারিখঃ ২৯ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ  
০৪ অক্টোবর ২০২০ খ্রিষ্টাব্দ

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা ফেনী জেলার আয়েয়াস্ত্র লাইসেন্সধারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক ডিজিটাল আর্মস ম্যানেজমেন্ট সিস্টেম (DAMS) বাস্তবায়নের লক্ষ্যে আয়েয়াস্ত্র লাইসেন্সধারীগণের অনলাইন ডাটা এন্ট্রিকরণের জন্য আগামী ০৯/১০/২০২০ তারিখের মধ্যে নির্ধারিত ফরমে (কপি সংযুক্ত) প্রয়োজনীয় তথ্যাবলী পূরণপূর্বক অত্র কার্যালয়ের জুডিসিয়াল মুন্সিখানা শাখায় প্রয়োজনীয় কাগজপত্র (মূল লাইসেন্সের ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, পাসপোর্ট সাইজের ছবি ০১ কপি, লাইসেন্সধারীর স্বাক্ষর/হাতের ছাপ, TIN সার্টিফিকেট ও বিগত ৩ বছরের রিটার্ন এর প্রত্যয়ন, অস্ত্র থানায় জমা থাকলে জিডির সত্যায়িত/মূলকপি) জমা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

০২। উল্লিখিত সময়ের মধ্যে আয়েয়াস্ত্রের লাইসেন্সধারীগণের তথ্য জমা দিতে ব্যর্থ হলে অথবা আয়েয়াস্ত্রের লাইসেন্সধারীগণের অবহেলার কারণে তথ্য ডিজিটাল আর্মস ম্যানেজমেন্ট সিস্টেম (DAMS) আপলোড করা সম্ভব না হলে তার বিরুদ্ধে প্রচলিত বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্তিঃ ০২ (দুই) পাতা।

  
(মুহাম্মাৎ শাহীনা আক্তার)  
জেলা ম্যাজিস্ট্রেট  
ফেনী

☎ ০২৩৩৪৪-৭৪০০০


ই-মেইল : [dcfeni@mopa.gov.bd](mailto:dcfeni@mopa.gov.bd)

স্মারক নং-০৫.২০.৩০০০.০৩১.১৮.০১১.২২-৯৮৯/১

তারিখঃ ২৯ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ  
০৪ অক্টোবর ২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-

১. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
২. পুলিশ সুপার, ফেনী
৩. উপপরিচালক, স্থানীয় সরকার, ফেনী
৪. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/ অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ফেনী
৫. উপজেলা নির্বাহী অফিসার, ফেনী সদর/দাগনভূঞা/সোনাগাজী/ছাগলনাইয়া/পরশুরাম/ফুলগাজী, ফেনী (তাকে গণবিজ্ঞপ্তিটি মাইকযোগে বহল প্রচারসহ উপজেলা নির্বাহী অফিসারের ওয়েব পোর্টাল এবং ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টালে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৬. সহকারী কমিশনার, আইসিটি শাখা/গোপনীয় শাখা (তাকে ফেনী জেলার ফেজবুক পেইজে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো)
৭. জেলা তথ্য অফিসার, ফেনী (তাকে ফেনী জেলার প্রত্যেক উপজেলায় গণবিজ্ঞপ্তিটি মাইকযোগে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৮. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ফেনী (তাকে গণবিজ্ঞপ্তিটি জেলা প্রশাসকের ওয়েব পোর্টালে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৯. অফিসার ইনচার্জ, ফেনী মডেল থানা/দাগনভূঞা থানা/সোনাগাজী থানা/ছাগলনাইয়া থানা/পরশুরাম থানা/ফুলগাজী থানা, ফেনী
১০. অফিস কপি।

  
০৪/১০/২০২০  
জেলা ম্যাজিস্ট্রেট  
ফেনী